


2018

কম্পিউটারের সংক্ষিপ্ত ইতিহাস ও পরিচিতি

মোঃ মনিরুজ্জামান (মনির)

খ্রিস্টপূর্ব ৫০০ অব্দে আবিষ্কৃত পৃথিবীর প্রথম গণনাকারী যন্ত্র অ্যাবাকাস থেকে পর্যায়ক্রমে সভ্যতার বিবর্তন ও মানুষের মস্তিষ্কের অক্লান্ত প্রচেষ্টায় ধাপে ধাপে বিবর্তনের ক্রমধারা অতিক্রম করে আমাদের হাতে আজ এই ডিজিটাল কম্পিউটার।



চার্লস ব্যাবেজ (Charles-Babbage)



হাওয়ার্ড এইকেন (Howard Aiken)

Md Moniruzzaman
"173" Publications
8/9/2018



সম্পাদকীয় :



মো : মনিরুজ্জামান (মনির) ।

কামিল (হাদিস), এম.এ (সমাজ বিজ্ঞান)

মোবা : ০১৯১৬-৫২৮৭৪১, ০১৭৫৬-৪৫০৫২৬

E-mail: moniruzzaman1734@gmail.com

facebook: [facebook.com/moniruzzaman1734](https://www.facebook.com/moniruzzaman1734)

twitter : zaman1734

বিসমিল্লাহির রহমানির রহিম

আসসালামু আলাইকুম । সম্মানিত পাঠক, বর্তমান বিশ্বে বিজ্ঞানের সবচেয়ে বড় অবদান হলো কম্পিউটার । কম্পিউটারের এই যুগে শিক্ষা, যোগাযোগ, চিকিৎসা, যাতায়াত, বৈজ্ঞানিক গবেষণাসহ সকল ক্ষেত্রেই কম্পিউটারের ব্যবহার অনস্বীকার্য । তাই আমাদের কম্পিউটার ও কম্পিউটারের অতীত ইতিহাস সম্পর্কে জানা খুবই গুরুত্বপূর্ণ । এ কথা মাথায় রেখে কম্পিউটার সম্পর্কে আমার এই ক্ষুদ্র ও সর্ব প্রথম প্রচেষ্টা “কম্পিউটারের সংক্ষিপ্ত ইতিহাস ও পরিচিতি” বইটির সম্পাদনা । যেহেতু মানুষ মাত্রই ভুল করে, সেহেতু বইটিতে উপস্থাপিত তথ্যে কোন ভুল আপনার দৃষ্টিতে ধরা পড়লে আমাকে অবগত করানোর জন্য বিনীত ভাবে অনুরোধ রইলো ।


০৯-০৮-২০১৮

সূচীপত্র :

ক্রমিক নং :	বিষয় :	অধ্যায় :	পৃষ্ঠা :
০১	কম্পিউটারের পরিচয়	এক	৪
০২	কম্পিউটারের বিবর্তনের সংক্ষিপ্ত ইতিহাস	দুই	৭
০৩	হার্ডওয়্যার ও সফটওয়্যার	তিন	১২
০৪	ইনপুট ও আউটপুট ডিভাইস	চার	১৪
০৫	বিভিন্ন সফটওয়্যারের কিছু উদাহরণ	পাঁচ	১৮
০৬	কম্পিউটারের মেমোরি ডিভাইস	ছয়	২০
০৭	কী-বোর্ডের ব্যবহার	সাত	২৩
০৮	মাউসের ব্যবহার	আট	২৬
০৯	মনিটর-এর ব্যবহার	নয়	২৮
১০	প্রিন্টার-এর ব্যবহার	দশ	৩০
১১	কম্পিউটারের বিভিন্ন যন্ত্রাংশ	এগারো	৩১
১২	উইন্ডোজ (Windows)	বারো	৩৩
১৩	মাল্টিমিডিয়া	তেরো	৩৫
১৪	কম্পিউটার নেটওয়ার্ক	চৌদ্দ	৩৬
১৫	ইন্টারনেট	পনেরো	৩৮
১৬	কম্পিউটার পরিচর্যা	ষোলো	৪০
১৭	আইটি জগতের কিছু সংক্ষিপ্ত প্রশ্ন উত্তর	সতেরো	৪১
১৮	কম্পিউটার বিষয়ক/আইটি জগতের কিছু সংক্ষিপ্ত শব্দের পূর্ণরূপ	আঠারো	৪৯

(অধ্যায়-এক)

কম্পিউটারের পরিচয় :




ল্যাটিন শব্দ Computare (কম্পুটেয়ার) থেকে Computer (কম্পিউটার) শব্দটির উৎপত্তি। Computare অর্থ -গণনা করা আর Computer অর্থ-গণনা কারী যন্ত্র। প্রথমদিকে কম্পিউটার শুধুমাত্র হিসাব নিকাশ ও গাণিতিক সমস্যা সমাধানের জন্য নির্মিত হলেও বর্তমানে কম্পিউটার নানা রকম যুক্তিমূলক কাজে ব্যবহারিত হচ্ছে। তাই বলা যায়, কম্পিউটার হলো বিভিন্ন গাণিতিক ও যুক্তিমূলক সমস্যা সমাধানের জন্য নানা রকম যন্ত্রাংশের সমন্বয়ে তৈরী একটি ইলেক্ট্রনিক যন্ত্র।



গাণিতিক হিসাব নিকাশ এবং যুক্তিমূলক কাজ কম্পিউটার নির্ভূল ভাবে করতে পারলেও কম্পিউটারের নিজস্ব কোন চিন্তা চেতনার শক্তি বা বুদ্ধি নেই। মানুষের দেয়া নির্দেশমতে এই যন্ত্র কাজ করে থাকে।

প্রায় আড়াই হাজার বছর আগে চীনদেশে উদ্ভাবিত Abacus (অ্যাবাকাস) নামক গণনা যন্ত্র থেকে আধুনিক কম্পিউটারের চিন্তা মানুষের মাথায় আসে। Abacus (অ্যাবাকাস) হলো পাটিগাণিতিক গণনা সম্পাদনের একটি প্রচীন যন্ত্র, যাতে একটি কাঠের ফ্রেমে বসানো তারে লাগানো গুটি উপরে নিচে সরিয়ে গণনা করা হয়। এর সাহায্যে যোগ,বিয়োগ,গুণ,ভাগ ইত্যাদি অংক করা যেত।



আধুনিক এ কম্পিউটার দিয়ে হিসাব নিকাশ, অডিও ভিডিও, পড়া শোনা, বই পুস্তক মুদ্রণ, তথ্য সংরক্ষণ, পরিসংখ্যান, ইন্টারনেটের সাহায্যে দেশ বিদেশের তথ্য আদান প্রদান, প্রতিরক্ষা ব্যবস্থাপনা, মিল ফ্যাক্টরী পরিচালনা, রোগ নির্ণয় সহ বহুবিদ কাজ করা যায়।

প্রাচীনকালে রোমানরা গণনার জন্য সরু ও লম্বা গর্তের মধ্যে নুড়ি সঞ্চালন করতো। স্কটল্যান্ডের বিখ্যাত গণিত বিশারদ “জন নেপিয়র” ১৬১০ সালে হিসাব নিকাশের জন্য অংক লিখিত কতগুলো দণ্ড ব্যবহার করে গুণ, ভাগ এমনকি বর্গফল নির্ণয় করতে সক্ষম হয়েছিলেন। এই দণ্ডগুলোকে “নেপিয়রের হাড়” বলা হতো।

এরপর ১৬৪২ সালে ফরাসি অংক শাস্ত্রবিদ “ব্লেইজি প্যাস্কেল” ‘প্যাসকেলিন’ নামক হিসাবের যন্ত্র আবিষ্কার করেন। এ যন্ত্র দিয়ে যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি কাজ অতি দ্রুততার সাথে ও নির্ভুলভাবে করা যেত। এভাবে সময়ের বিবর্তনের সাথে সাথে গণনাকারী যন্ত্রও উন্নত থেকে উন্নততর হতে থাকে।



ইংল্যান্ডের ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ের গণিতের অধ্যাপক চার্লস ব্যাবেজ ১৮৩৩ সালে জটিল হিসাবের জন্য একটি যন্ত্র তৈরীর কাজে আত্মনিয়োগ করেন। তিনি বর্তমান যুগের কম্পিউটারের ন্যায় নিয়ন্ত্রণ অংশ, গাণিতিক অংশ, স্মৃতি অংশ ও অন্যান্য উন্নত বৈশিষ্ট্য সম্বলিত একটি মেকানিক্যাল কম্পিউটার তৈরীর পরিকল্পনা করে এর নাম দেন “এনালাইটিক্যাল ইঞ্জিন”। তবে সে সময়ে প্রযুক্তিগত অনগ্রসরতার কারণে তিনি তার এ পরিকল্পনা বাস্তবায়িত করে যেতে পারেননি। যেহেতু তার এ পরিকল্পনার উপর ভিত্তি করেই আধুনিক কম্পিউটার আবিষ্কৃত হয়েছে, সে কারণে চার্লস ব্যাবেজকে কম্পিউটারের জনক বলা হয়।




এনালাইটিক্যাল ইঞ্জিন



বিবর্তনের ধারাবাহিকতায় ১৯৪৪ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের হাভার্ড বিশ্ববিদ্যালয়ের গণিতের অধ্যাপক “হাওয়ার্ড এইকিন” এর তত্ত্বাবধানে ‘মার্ক-১’ নামে ইলেকট্রনিক মেকানিক্যাল তথা সয়ংক্রিয় কম্পিউটার তৈরী হয়।

মার্ক-১ এর বৈশিষ্ট্য :

- ক) মার্ক-১ পৃথিবীর প্রথম সয়ংক্রিয় কম্পিউটার বা হিসাবকারী যন্ত্র ।
- খ) দৈর্ঘ্য ৫১ ফুট ও উচ্চতা ৮ ফুট ।
- গ) ওজন প্রায় ৫ টন ।
- ঘ) এতে সাত লক্ষের ও অধিক যন্ত্রাংশ সংযোজনের জন্য প্রায় ৫০০ মাইল লম্বা তারের প্রয়োজন ছিল ।




মার্ক-১ তৈরীর দুই বছর পর ১৯৪৬ সালে যুক্তরাষ্ট্রের পেনসেলভেনিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক “জন মউসলি” এবং তার ছাত্র “প্রেসপার একার্ট” ENIAC (Electronic Numerical Integrator And Calculator) নামক ইলেক্ট্রনিক কম্পিউটার আবিষ্কার করেন, যার ওজন ছিল প্রায় ত্রিশ টন । উনিশ হাজার বায়ুশূন্য টিউব দিয়ে তৈরী এ কম্পিউটারটি পরিচালনা করতে ত্রিশ কিলোওয়াট বিদ্যুৎ শক্তির প্রয়োজন হতো । ENIAC তৈরীর ৫ বছরের মাথায় ১৯৫১ সালে উক্ত অধ্যাপক ও তার ছাত্র UNIVAC (Universal Automatic Calculator) নামে ডিডয়ে আরো উন্নত ধরনের কম্পিউটার উদ্ভাবন করেন । এ UNIVAC -ই হলো বাণিজ্যিক ভিত্তিতে বিক্রিত প্রথম কম্পিউটার ।



এর পর ১৯৭১ সালে আমেরিকার ইনটেল নামক কোম্পানি মাইক্রো প্রসেসর তৈরী করেন । মাইক্রো প্রসেসরের মাধ্যমে কম্পিউটার তৈরী করার ফলে এর আয়তন ও আকার অনেক ছোট হয়ে আসে । বৃহদাকৃতির কম্পিউটারের বদলে ছোট আকৃতির সুলভ মূল্যেও কম্পিউটার তৈরী শুরু হয় । বস্তুত, কম্পিউটার একক কোন ব্যক্তির আবিষ্কার নয় । বরং যুগযুগ ধরে বিভিন্ন দেশের অনেক বিজ্ঞানীর নিরলস চেষ্টা আর অবিরাম সাধনার ফল হলো এই আধুনিক কম্পিউটার ।

(অধ্যায়-দুই)

 কম্পিউটারের বিবর্তনের সংক্ষিপ্ত ইতিহাস :


১. খ্রিস্টপূর্ব ৫০০ অব্দে তৈরী পৃথিবীর প্রথম গণনাযন্ত্র 'অ্যাবাকাস' ।
২. ১৬১০ সালে তৈরী 'নেপিয়ারের হাড'
৩. ১৬৪২ সালে ব্লেইজি প্যাস্কেল কর্তৃক তৈরী 'প্যাসকেলিন' ।
৪. ১৮৩৩ সালে চার্লস ব্যাবেজ কর্তৃক 'এনালাইটিক্যাল ইঞ্জিন' তৈরীর পরিকল্পনা ।
৫. ১৯৪৪ সালে হাওয়ার্ড এইকিনের তত্ত্বাবধানে 'মার্ক-১' নামক ইলেক্ট্র মেকানিক্যাল কম্পিউটার তৈরী ।
৬. ১৯৪৬ সালে অধ্যাপক জন মউসলি ও প্রেসপার একার্ট ENIAC নামক ইলেক্ট্রনিক কম্পিউটার আবিষ্কার করেন ।
৭. ১৯৫১ সালে উর্কাত অধ্যাপক জন মউসলি ও তার ছাত্র প্রেসপার একার্ট কর্তৃক UNIVAC নামে প্রথম ডিজিটাল কম্পিউটার উদ্ভাবিত হয় । যা বাণিজ্যিক ভিত্তিতে বিক্রিত প্রথম কম্পিউটার ।
৮. ১৯৭১ সালে মাইক্রো প্রসেসরের মাধ্যমে তৈরী হয় ছোট আকৃতির সুলভ কম্পিউটার । যা কম্পিউটার জগতে বিশাল বিপ্লব ও তুমুল আলোড়ন সৃষ্টি করে এবং কম্পিউটারকে মানুষের দ্বার প্রান্তে পৌছে দেয় ।



➤ প্রকৃতি ও গাণিতিক ভিত্তিতে কম্পিউটারকে তিন ভাগে ভাগ করা যায় । যেমন :

১. এনালগ কম্পিউটার (Analog Computer)
২. ডিজিটাল কম্পিউটার (Digital Computer)
৩. হাইব্রিড কম্পিউটার (Hybrid Computer)

১. এনালগ কম্পিউটার (Analog Computer) : যে কম্পিউটার দ্বারা ক্রমপরিবর্তনশীল বৈদ্যুতিক সংকেত গ্রহণ, ঘন বস্তু চাপ, তাপ ও তরল পদার্থ প্রবাহের হ্রাস বৃদ্ধি পরিমাপ করা যায়, তাকে এনালগ কম্পিউটার বলে। এর প্রক্রিয়াকৃত তথ্য ঘড়ির ডায়ালের মতো ইন্ডিকেটরের কাটার সাহায্যে প্রদর্শিত হয়। শিখল্লকারখানায় উৎপাদন, প্রকৃয়াকরণ ও মান নিয়ন্ত্রণ করতে এনালগ কম্পিউটার ব্যবহার হয়।



২. ডিজিটাল কম্পিউটার (Digital Computer) : যে কম্পিউটার বাইনারি ডিজিট (০-১) পদ্ধতিতে তথ্য উপাত্ত প্রকৃয়াকরণের কাজ সম্পন্ন করে তাকে ডিজিটাল কম্পিউটার বলে। বর্তমানে আমাদের ব্যবহৃত প্রায় সকল কম্পিউটারই ডিজিটাল কম্পিউটার।



৩. হাইব্রিড কম্পিউটার (Hybrid Computer) : এনালগ ও ডিজিটাল কম্পিউটারের বিশেষ বিশেষ সুবিধা গুলো একত্র করে যে কম্পিউটার তৈরী করা হয় তাকে হাইব্রিড কম্পিউটার বলে। বৈজ্ঞানিক গবেষণা ও জটিল বৈজ্ঞানিক সমস্যা সমাধানের জন্য এ কম্পিউটার ব্যবহৃত হয়।



➤ আকার ও ক্ষমতার দিক দিয়ে কম্পিউটারকে সাধারণত চার ভাগে ভাগ করা যায়। যেমন :

১. সুপার কম্পিউটার (Super Computer) - অতি বৃহৎ কম্পিউটার।
২. মেইন ফ্রেম কম্পিউটার (Mainframe Computer) - বৃহৎ কম্পিউটার।
৩. মিনি কম্পিউটার (Mini Computer) - ছোট কম্পিউটার।
৪. মাইক্রো কম্পিউটার (Micro Computer) - ক্ষুদ্র কম্পিউটার।

১. সুপার কম্পিউটার (Super Computer) : সবচেয়ে ক্ষমতাসম্পন্ন, দ্রুতগতি সম্পন্ন, বৃহদাকৃতির ও ব্যয়বহুল কম্পিউটারকে সুপার কম্পিউটার বলে। এ কম্পিউটাতে অসংখ্য উপাত্ত সংরক্ষণের ক্ষমতাবিশিষ্ট মেমরি/স্মৃতি ও ব্যাপক প্রকৃয়াকরণের ক্ষমতা থাকে। বৈজ্ঞানিক গবেষণা, জঙ্গী বিমান, ক্ষেপনাস্ত্র, পারমানবিক বোমা নিয়ন্ত্রণ, নভোযান পরিচালনা এবং মহাকাশ গবেষণার মতো বড় বড় কাজে সুপার কম্পিউটার ব্যবহৃত হয়।



২. মেইন ফ্রেম কম্পিউটার (Mainframe Computer) : ক্ষমতা ও আকারের দিক থেকে সুপার কম্পিউটারের তুলনায় ছোট কম্পিউটারকে মেইনফ্রেম কম্পিউটার বলে। এ কম্পিউটাতে অনেক রকম ইনপুট ও আউটপুট ডিভাইস এবং সহায়ক স্মৃতি মাধ্যম থাকে। মেইনফ্রেম কম্পিউটারে অনেক লোক একসাথে কাজ করতে পারে।

Mainframe Computer



৩.মিনি কম্পিউটার (Mini Computer) : ক্ষমতা ও আকারের দিক থেকে মেইনফ্রেম কম্পিউটারের তুলনায় ছোট কম্পিউটারকে মিনি কম্পিউটার বলে। এ কম্পিউটারের CPU বা কেন্দ্রীয়প্রকৃয়াকরণ অংশটিকে একটি স্বাভাবিক মাপের টেবিলের উপর বসানো যায়। এ ধরনের কম্পিউটার উন্নত ব্যাংক সমূহে ব্যবহার করা হয়।



৪.মাইক্রো কম্পিউটার (Micro Computer) : মাইক্রো প্রসেসর দিয়ে তৈরী ছোট আকৃতির কম্পিউটারকে মাইক্রো বা ক্ষুদ্র কম্পিউটার বলে।



➡ মাইক্রো বা ক্ষুদ্র কম্পিউটার চার প্রকার :

- ১.ডেস্কটপ কম্পিউটার (Desktop Computer)
- ২.ল্যাপটপ কম্পিউটার (Laptop Computer)
- ৩.পামটপ কম্পিউটার (Pamtop Computer)
- ৪.নোটবুক কম্পিউটার (Notebook Computer)

১.ডেস্কটপ কম্পিউটার (Desktop Computer) : সাধারণত ডেস্ক বা টেবিলের উপর রেখে যে কম্পিউটার ব্যবহার করা যায়, তাকে ডেস্কটপ কম্পিউটার বলে।



২. ল্যাপটপ কম্পিউটার (Laptop Computer) : Lap অর্থ- কোল, আর Top অর্থ-উপরে। সাধারণত কোলের উপর রেখে যে কম্পিউটার ব্যবহার করা যায়, তাকে ল্যাপটপ কম্পিউটার বলে।



৩. পামটপ কম্পিউটার (Pamtop Computer) : Pam অর্থ -হাতের তালু, Top অর্থ- উপরে। হাতের তালুর উপর রেখে যে ক্ষুদ্র কম্পিউটার ব্যবহার করা যায়, তাকে পামটপ কম্পিউটার বলে।



৪. নোটবুক কম্পিউটার (Notebook Computer) : ছোট ডায়েরী বা নোট বুকের আকৃতির যে কম্পিউটাওে বিভিন্ন নাম,ঠিকানা,ঘটনা,তথ্য ইত্যাদি সংরক্ষণ করা যায়, তাকে নোটবুক কম্পিউটার বলে।



(অধ্যায়-তিন)

☒ হার্ডওয়্যার ও সফটওয়্যার (Hardware & Software) :

মানুষ তার দেহকাঠামো ও প্রাণের সমন্বয়ে গঠিত, প্রাণ ছাড়া দেহ যেমন অচল তেমনি দেহ ছাড়াও প্রাণ কার্যকারী নয়। অনুরূপ কম্পিউটারের ও একটি দেহকাঠামো ও প্রাণ রয়েছে। প্রাণীর দেহ দেখা বা স্পর্শ করা যায় কিন্তু প্রাণ দেখা বা স্পর্শ করা যায় না।

তেমনি, কম্পিউটারের যে যন্ত্রাংশগুলি আমরা দখি বা হাত দ্বারা স্পর্শ করতে পারি সেগুলোকে হার্ডওয়্যার(Hardware) বলে। হার্ডওয়্যার হলো কম্পিউটারের দেহ কাঠামো। যেমন : মনিটর, কী-বোর্ড, মাউস, হার্ডডিস্ক, রয়াম, রম, প্রসেসর, মাদারবোর্ড,সিডি/ডিভিডি রম ইত্যাদি।

আর, কম্পিউটারকে কার্যক্ষম করার জন্য যে বিশেষ সাংকেতিক ও প্রগ্যাম ভিত্তিক নির্দেশনা দেওয়া হয় তাকে সফটওয়্যার(Software) বলা হয়। সফটওয়্যার হলো কম্পিউটারের জন্য প্রাণ সরূপ।

➡ কম্পিউটারে ব্যবহৃত সফটওয়্যারকে দুই ভাগে ভাগ করা যায়। যেমন :

১.ওপারেটিং সফটওয়্যার (Operating Software)।

২.এপ্লিকেশন সফটওয়্যার (Application Software)।

১.ওপারেটিং সফটওয়্যার (Operating Software) : কম্পিউটার পরিচালনা বা যে কোন কাজের উপযোগী কণ্ডে গড়ে তোলার জন্য যে সফটওয়্যার ব্যবহার করা হয়, তাকে ওপারেটিং সফটওয়্যার বলে। যেমন : উইন্ডোজ ৯৮, উইন্ডোজ এক্স পি, উইন্ডোজ ৭,৮, ভিসতা ইত্যাদি।



২.এপ্লিকেশন সফটওয়্যার (Application Software) : নির্দিষ্ট বা বিশেষ কাজের জন্য যে সফটওয়্যার ব্যবহার করা হয়, তাকে এপ্লিকেশন সফটওয়্যার বলে। যেমন : লেখালেখির জন্য-এম এস ওয়ার্ড, হিসাবের জন্য- এম এস এক্সেল, ডিজাইনের জন্য- এডোবি এলাস্ট্রেটর,এডোবি ফটোশপ ইত্যাদি।



ফার্মওয়্যার (Farmware) : কম্পিউটারকে কাজের উপযোগী এবং কম্পিউটারের সাথে সংযুক্ত বিভিন্ন যন্ত্রপাতি পরীক্ষা নিরীক্ষা করার জন্য কম্পিউটারের রমে যে প্রোগ্রাম ইনস্টল করা থাকে তাকে ফার্মওয়্যার বলে ।

প্যাকেজ প্রোগ্রাম(Package Program) : কম্পিউটারের ব্যবহারিক সমস্যা সমাধানের জন্য যে সব সফটওয়্যার ব্যবহৃত হয়, তাকে প্যাকেজ প্রোগ্রাম বলে । যেমন :

1. **Word Processing Software** (Microsoft Word, Word Perfect, Lotus Word Pro etc)
2. **Spreadsheet Analysis Software** (Microsoft Exel, Lotus 1-2-3, Super calc, Visicalc etc)
3. **Database Management Software** (Microsoft Access, ORACLE, Lotus Approach etc)
4. **Graphics Software** (Adobe Photoshop, Adobe Illustrator etc)
5. **Web Browsing Software** (Google Chrome, Mozilla firefox, Uc browser, Opera mini etc)

Md: Moniruzzaman (Monir)

(অধ্যায়-চার)

☒ ইনপুট ও আউটপুট ডিভাইস (Input & Output Device) :

আমরা বইপত্র বা শিক্ষকের মাধ্যমে জ্ঞানের কথা প্রথমে শিখি তারপর তা মুখে বলি বা খাতায় লিখে প্রকাশ করি। অর্থাৎ আমরা প্রথমে গ্রহণ করি এরপর বিতরণ বা সরবরহ করি। এই গ্রহণ করাকে বলে ইনপুট ও বিতরণ বা সরবরহ করাকে বলে আউটপুট। অনুরূপ কম্পিউটার ও বিশেষ বিশেষ যন্ত্রের সাহায্যে কাজের নির্দেশ গ্রহণ করে যথানিয়মে কাজটি সম্পন্ন করে এর ফলাফল প্রদান করে। কম্পিউটারের এই গ্রহণ ও বিতারণকে যথাক্রমে ইনপুট ও আউটপুট বলা হয়।

কম্পিউটারের এ নির্দেশ গ্রহণের জন্য বিশেষ কিছু ডিভাইস রয়েছে তাকে ইনপুট ডিভাইস (Input Device) বলে। যেমন : কী-বোর্ড, মাউস, স্ক্যানার, ওয়েব ক্যামেরা ইত্যাদি।

অর ইনপুটকৃত তথ্য বা নির্দেশনা প্রসেসিং করে ফলাফল প্রকাশের জন্যও বেশ কিছু ডিভাইস রয়েছে, তাকে আউটপুট ডিভাইস (Output Device) বলে। যেমন : মনিটর, প্রিন্টার, স্পিকার ইত্যাদি।

কম্পিউটারের কিছু ইনপুট ডিভাইস (Input Device) :

কী-বোর্ড (Keyboard) : কম্পিউটারে বিভিন্ন বর্ণমালা ও সংখ্যা লেখা এবং বিশেষ নির্দেশনা প্রদানের জন্য কতোগুলো চাবি বা সুইচবিশিষ্ট যে বোর্ড ব্যবহার করা হয় তাকে কী-বোর্ড (Key-Board) বলে। কম্পিউটারের ইনপুট ডিভাইস গুলোর মধ্যে কী-বোর্ড অন্যতম।



মাউস (Mouse) : মাউস অর্থ- হাঁদুর। হাঁদুরের মতো দেখতে যে ডিভাইসটির ডান / বাম বাটন দিয়ে বিভিন্ন আইকনে ক্লিক করে কম্পিউটারকে নির্দেশনা দেওয়া হয় তাকে মাউস বলে।



জয়স্টিক (Joystic) : কম্পিউটারে গেম খেলার জন্য নির্দেশনা প্রদান করতে যে যন্ত্রটি ব্যবহার করা হয়, তাকে জয়স্টিক বলে ।



স্ক্যানার (Scanner) : কাগজে মুদ্রিত কোন ছবি, লেখা ছবছ কম্পিউটারে ঢুকানোর জন্য যে যন্ত্রটি ব্যবহার করা হয়, তাকে স্ক্যানার বলে । স্ক্যানকৃত ছবি কম্পিউটারের মাধ্যমে বড়/ছোট ,সংশোধন ও পরিবর্তন করা যায় ।



ওয়েব ক্যামেরা (Camera) : কম্পিউটারের সাথে যুক্ত যে ক্যামেরা দিয়ে ছবি তুলে তা কম্পিউটারের মেমরিতে প্রবেশ করানো যায়, তাকে ওয়েব ক্যামেরা বলে । এই যন্ত্রের মাধ্যমে দূরে অবস্থিত লোকের চিত্র/ছবি সরাসরি দেখা যায় ।



ও.এম.আর (OMR) : যে যন্ত্র পেনসিল বা কালির দাগ চিহ্নিত করে তা কম্পিউটারে প্রেরণ করতে পারে তাকে ও.এম.আর বলে । OMR এর পূর্ণরূপ- Optical Mark Reader.



- আরো কিছু ইনপুট ডিভাইসের নাম হলো : ১. মাইক্রোফোন । ২. টাচ প্যাড । ৩. মিডি কী-বোর্ড ।
৪. গেম প্যাড । ৫. ইলেকট্রনিক হোয়াইটবোর্ড ।
৬. বারকোড স্ক্যানার ইত্যাদি ।

কম্পিউটারের কিছু আউটপুট ডিভাইস (Output Device) :

মনিটর (Monitor) : কম্পিউটারে লিখিত বা সংরক্ষিত তথ্য প্রদর্শনের জন্য টেলিভিশনের পর্দার ন্যায় পর্দাবিশিষ্ট যে যন্ত্র ব্যবহার করা হয়,তাকে মনিটর বলে ।



প্রিন্টার (Printer) : কম্পিউটারে লিখিত বা সংরক্ষিত তথ্য কাগজের পাতায় ছাপানোর জন্য যে বিশেষ মুদ্রণ যন্ত্র ব্যবহার করা হয়, তাকে প্রিন্টার বলে । বর্তমানে কয়েক ধরনের প্রিন্টার আছে । যেমন : লাইন প্রিন্টার,পেইজ প্রিন্টার,ইঙ্ক-জেট প্রিন্টার,ডট প্রিন্টার,লেজার প্রিন্টার ইত্যাদি ।



স্পিকার (Speaker) : অডিও বা ভিডিও প্রোগ্রামের শব্দ শোনার জন্য যে যন্ত্র ব্যবহার করা হয়,তাকে স্পিকার বলে ।



প্লটার (Plotter) : বড় কোন ছবি, পোস্টার বা মানচিত্র মুদ্রণ করার জন্য যে যন্ত্র ব্যবহার করা হয়, তাকে প্লটার বলে। প্লটার একটি ড্রয়িং যন্ত্র।



- আরো কিছু আউটপুট ডিভাইসের নাম হলো : ১. প্রজেক্টর। ২. এলসিডি প্রজেকশন প্যানেলস।
৩. কম্পিউটার আউটপুট মাইক্রোফিল্ম (সি, ও, এম)।
ইত্যাদি।

কিছু ইনপুট-আউটপুট ডিভাইস :

উপরে আমরা কিছু ইনপুট ও কিছু আউটপুট ডিভাইসের সম্পর্কে জেনেছি, এমন কিছু ডিভাইস আছে যা একই সাথে ইনপুট ও আউটপুট দুই ধরনের কাজই সম্পন্ন করে। তেমনই কিছু ডিভাইসের উদাহরণ নিচে দেওয়া হলোঃ

1. Modem.
2. Touch screen.
3. Digital camera.
4. Network card.
5. Handset (Handset Consists- Speaker and Microphone).
6. Fax.
7. Audio/Sound card.
8. DVD / CD.

(অধ্যায়-পাঁচ)

বিভিন্ন সফটওয়্যারের কিছু উদাহরণ :VoIP-এপ্লিকেশনের কিছু উদাহরণ :

1. Net to Phone.
2. Skype.
3. MSN Messenger.
4. Net Meeting.
5. Cool talk.

সামাজিক যোগাযোগ মাধ্যম সম্পর্কিত-এপ্লিকেশন :

1. Facebook.
2. Twitter.
3. Google Plus.
4. Flickr.
5. Vine.
6. Meetup.
7. Pintarest.
8. Instagram.
9. Tumblr.
10. Tagged.
11. Linkedin.
12. বেসত (প্রথম বাংলা)
13. কমোয়া (গ্রামিনফোন চালু করেছে)।

Package Software-এর কিছু উদাহরণ :

1. Word Processing Software.
2. Spreadsheet Analysis Software.
3. Database Management Software.
4. Computer Aided Design/ CAD.
5. Graphics Software.
6. Web Browsing Software.
7. Mail User Agent / E-mail client / E-mail reader.
8. Presentation Software.
9. Multimedia Software.
10. Desktop Publication Software.

Word Processing Software-এর উদাহরণ :

1. Microsoft Word / MS Word.
2. Word Perfect / WP.
3. Lotus Wordpro.
4. Word Star.
5. PFS Writer.
6. Mac Writer.

7. Display Writer.

8. Dos Writer.

9. Word Pad.

10. Note Pad.

11. Latex.

Speadsheet Analysis Software- এর উদাহরণ :

1. Microsoft Excel / MS Excel.

2. Visicalc.

3. Super Calc.

4. Lotus 1-2-3.

5. Corel Quattropro.

6. Multiplan.

7. Sorcim.

8. Symphony.

9. Numbers.

Database Management Software- এর উদাহরণ :

1. Microsoft Access / MS Access.

2. Microsoft SQL Server.

3. ORACLE.

4. Corel Paradox.

5. Lotus Approach.


6. dbase.

7. Foxpro.

8. File Maker Pro

9. 4D

(অধ্যায়-ছয়)

 কম্পিউটারের মেমোরি ডিভাইস :

কম্পিউটারে ইনপুট করা তথ্য প্রক্রিয়াকরণ বা স্থায়ীভাবে সংরক্ষণের জন্য যে সকল যন্ত্র বা যন্ত্রাংশ ব্যবহার করা হয় সেগুলোকে মেমোরি ডিভাইস বা স্মৃতি ভান্ডার বলা হয়। যেমন : র‍্যাম, রম, হার্ডডিস্ক, ফ্লপিডিস্ক, সিডি-রম ইত্যাদি হলো বহুল ব্যবহৃত কয়েকটি মেমোরি ডিভাইস। মেমোরির একক হলো- বিট (Bit).

1 Bit = Binary Digit. (4 Bit = 1 Nibble)

8 Bit = 1 Byte. (16 Bit = 2 Byte = 1 word)

1024 Byte = 1 Kilo Byte.

1024 Killo Byte = 1 Mega Bite.

1024 Mega Bite = 1 Giga Byte.

1024 Giga Byte = 1 Tera Byte.

1024 Tera Bite = 1 Peta Byte.


1024 Peta Byte = 1 Exa Byte.

1024 Exa Byte = 1 Zetta Byte.

1024 Zetta Byte = 1 Yotta Byte.

1024 Yotta Byte = 1 Bronto Byte.

1024 Brontto Byte = Geop Byte.

 কম্পিউটারের মেমোরি প্রধানত দুই প্রকার। যথা :

১.প্রধান স্মৃতি (**Main Memory**)

২.সহায়ক স্মৃতি (**Auxiliary Memory**)

১.প্রধান স্মৃতি (Main Memory) : কম্পিউটারের কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ ইউনিট বা সি.পি.ইউ- এর সাথে সরাসরি সংযুক্ত মেমোরি বা স্মৃতিকে প্রধান স্মৃতি বলে। কম্পিউটারের চলমান প্রোগ্রাম, ডেটা, নির্দেশনা, প্রক্রিয়াকরণের ফলাফল ইত্যাদি সংরক্ষণের জন্য প্রধান স্মৃতি ব্যবহৃত হয়।

কম্পিউটারে প্রধানত দুই ধরনের প্রধান স্মৃতি ব্যবহৃত হয়। যথা :

ক) র‍্যাম (RAM) খ) রম (ROM)

ক) র‍্যাম (RAM) : কম্পিউটার ব্যবহারকালীন সময়ে তথ্য, উপাত্ত ও প্রোগ্রাম নিয়ে কাজ করার জন্য যে ডিভাইস ব্যবহৃত হয়, তাকে র‍্যাম বলে। (RAM) র‍্যাম এর পূর্ণ রূপ হলো - র‍্যান্ডম এ্যাকসেস মেমোরি (Random Access Memory)




খ) রম (ROM) : কম্পিউটার ব্যবহারকালীন সময়ে বিভিন্ন যন্ত্রাংশের সাথে সংযোগ স্থাপনের জন্য প্রয়োজনীয় প্রোগ্রাম ও তথ্য যে ডিভাইসে স্থায়ীভাবে সংরক্ষিত থাকে, তাকে রম বলে। (ROM) রম এর পূর্ণ রূপ- রিড অনলি মেমোরি (Read Only Memory)



২. সহায়ক স্মৃতি (Auxiliary Memory) : কম্পিউটারে প্রবেশ করা প্রোগ্রাম ও তথ্য স্থায়ীভাবে সংরক্ষণের জন্য যেসব স্মৃতি মাধ্যম ব্যবহৃত হয়, সেগুলোকে সহায়কস্মৃতি বা সেকেন্ডারি মেমোরি বলে। ব্যবহারকারীর প্রয়োজনীয় তথ্য ও প্রোগ্রাম দীর্ঘ সময় সংরক্ষণ করে রাখার জন্য এ সব স্মৃতি মাধ্যম ব্যবহৃত হয়। কম্পিউটারে বহুল ব্যবহৃত কয়েকটি স্মৃতি মাধ্যম হলো- হার্ডডিস্ক, ফ্লপিডিস্ক ইত্যাদি।

হার্ডডিস্ক (Hard disk drive/HDD) : ফ্লপিডিস্ক অপেক্ষা অধিক ক্ষমতা ও দ্রুত গতি সম্পন্ন বড় আকারের ডিস্কে হার্ডডিস্ক বলে। হার্ডডিস্ক-এ সাধারণত : স্থায়ী প্রোগ্রাম ও ব্যবহারকারীর প্রয়োজনীয় তথ্য ইত্যাদি সংরক্ষণ করা থাকে।



ফ্লপিডিস্ক (Floppy disk) : পাতলা প্লাস্টিকের পাতের উপর চুম্বক পদার্থের প্রলেপ দিয়ে তৈরী এক ধরনের হালকা ও ছোট ডিস্ককে ফ্লপিডিস্ক বলে। বর্তমানে ফ্লপিডিস্কের ব্যবহার খুবই বিরল।



সিডি রম (CD ROM) : কম্পিউটারে সিডি চালানোর জন্য কম্পিউটারের সাথে যে যন্ত্র সংযোগ করা হয়, তাকে সিডি রম বলে। সিডি রম ড্রাইভে সিডি প্রবেশ করিয়ে সিডির তথ্যবলি দেখা ও শোনা যায়। সিডি রম এর পূর্ণ রূপ- কম্প্যাক্ট ডিস্ক-রিড অনলি মেমোরি (Compact Disk Read Only Memory)



ফ্লাসডিস্ক বা পেন ড্রাইভ (Flash disk/Pen drive) : কম্পিউটারের মাদারবোর্ডের ইউএসবি পোর্টে লাগিয়ে সংরক্ষিত তথ্য সহজে দেখা, পড়া ও সংশোধন করার এক সহায়ক স্মৃতি মাধ্যম। অত্যন্ত হালকা ও সহজে বহনযোগ্য কলমের ক্যাপের মতো দেখতে এ মাধ্যমটিকে পেন ড্রাইভও বলা হয়। ১ গিগাবাইট থেকে শুরু করে ৩২ গিগাবাইট পর্যন্ত পেন ড্রাইভ বর্তমানে পাওয়া যায়।



ডিভিডি (DVD) : যে ডিস্কের মধ্যে সিডির চেয়ে বহুগুণ বেশি তথ্য সংরক্ষণ করা যায়, তাকে ডিভিডি বলে। বেশিরভাগ ক্ষেত্রে চলচ্চিত্র দেখার কাজে ব্যবহৃত হয় বলে কখনো কখনো ডিভিডিকে 'ডিজিটাল ভিডিও ডিস্ক'ও বলা হয়। ডিভিডি এর পূর্ণ রূপ- ডিজিটাল ভার্সাটাইল ডিস্ক (Digital Versatile Disk)।



(অধ্যায়-সাত)


☞ কী-বোর্ডের ব্যবহার :

কী-বোর্ড হলো কম্পিউটারের একটি গুরুত্বপূর্ণ ইনপুট ডিভাইস। এর সাহায্যে কম্পিউটারে লেখা টাইপ করা হয় এবং বিভিন্ন ধরনের নির্দেশ দেওয়া হয়। কী-বোর্ডে অনেকগুলো কী থাকে।




নিচে এ গুলোর পরিচয় দেওয়া হলো :


নাম্বার কী (Number Key) : বিভিন্ন অংক, সংখ্যা এবং সাংকেতিক চিহ্ন লেখার জন্য এই কী-গুলো ব্যবহার করা হয়। যেমন : ১,২ বা 1,2 এবং +, - ইত্যাদি।




এলফাবেট কী (Alphabet Key) : কম্পিউটারে বিভিন্ন অক্ষর লেখার জন্য এই কী গুলো ব্যবহার হয়। যেমন : ক,খ,গ অথবা ইত্যাদি।




এন্টার কী (Enter Key) : কম্পিউটারে লেখার সময় এই কী চেপে নতুন লাইন অথবা প্যারাগ্রাফ তৈরী করা হয়। এছাড়াও এন্টার কী চেপে কম্পিউটারকে বিভিন্ন কাজের নির্দেশ দেওয়া হয়।



স্পেসবার কী (Spacebar Key) : কম্পিউটারে লেখা টাইপ করার সময় স্পেসবার কী চেপে এক অক্ষর পরিমাণ ফাঁকা স্থান সৃষ্টি করা হয়।




ব্যাকস্পেস কী (Backspace Key) : ব্যাকস্পেস কী চেপে কার্সরের বাম দিকের অক্ষর মোছা যায়।




ডিলিট কী (Delete Key) : ডিলিট কী চেপে কার্সরের ডান দিকের অক্ষর মোছা যায় এবং কোন ফাইল সম্পূর্ণ মুছে ফেলার জন্য এই কী ব্যবহার করা হয়।




স্কেপ কী (Escape Key) : ভুলবশত কোন কাজ করলে তা বাতিল করতে এই কী ব্যবহার করা হয়। কোন কোন প্রগ্রাম হতে বের হওয়ার জন্য এই কী চাপতে হয়।




এ্যারো কী (Arrow Key) : এই কী গুলোকে কার্সর কন্ট্রোল কী-ও বলা হয়। এই কী গুলো ব্যবহার করে মাউস ছাড়াও মাউস পয়েন্টারকে ডানে, বামে, উপরে, নিচে নাড়াচড়া করা যায়।




কন্ট্রোল এবং অল্টার কী (Control & Alt Key) : অন্য কোন কী এর সাথে এই কী চেপে কম্পিউটারকে বিভিন্ন নির্দেশ দেওয়া হয়। যেমন : Ctrl ও Alt চেপে রেখে B চাপলে,বিজয় কী-বোর্ড চালু হয়।




ক্যাপস লক কী (Caps Lock Key) : কী বোর্ডের বাম পাশে মাঝামাঝি Caps Lock নামে একটি কী আছে। এটিতে চাপ দিলে অর্থাৎ অন করলে কী বোর্ডের ডান পাশের নিউম্যারিক কী প্যাডের উপরের দিকে একটি বাতি জ্বলবে। এই অবস্থায় লেখা টাইপ করলে ইংরেজী বড় হাতের অক্ষর হবে। আর ক্যাপস লক কী অফ থাকলে ইংরেজী ছোট হাতের অক্ষর হবে।



ফাংশন কী (Function Key) : কী-বোর্ডের সবচেয়ে উপরের F1,F2,F3....F12 লেখা কী-গুলোকে ফাংশন কী বলা হয়। এই কী-গুলোকে ব্যবহার করে কম্পিউটারকে সংক্ষেপে বিভিন্ন নির্দেশ দেওয়া হয়। এম.এস.ওয়ার্ড প্রোগ্রাম বিষয়ক তথ্যের সাহায্য পেতে চাইলে এই কী গুলো চাপতে হয়।



শিফট কী (Shift Key) : ক্যাপস লক কী অফ থাকা অবস্থায় শিফট কী চেপেধেও কোন অক্ষর টাইপ করলে সে অক্ষরটি ইংরেজী বড় হাতের অক্ষর হবে। সাধারণত কোন শব্দের প্রথম অক্ষর বড় হাতের এবং অন্যান্য অক্ষর ছোট হাতের টাইপ করতে শিফট চেপে ধরে ঐ প্রথম অক্ষরটি চাপতে হয়। আর যে সব কী-তে উপরে নিচে দুই ধরনের চিহ্ন বা বাংলা অক্ষর থাকে,শিফট কী চেপে ধরে ঐ সকল কী চাপলে উপাে চিহ্ন বা অক্ষর টাইপ হবে।



নিউমেরিক কী প্যাড (Numeric Key) : শুধু সংখ্যা টাইপ করার প্রয়োজন হলে নিউমেরিক কী প্যাড থেকে সংখ্যা টাইপ করা হয়। এতে দ্রুত সংখ্যা টাইপ করা যায়।



(অধ্যায়-আট)

🖱️ মাউসের ব্যবহার :

মাউস একটি ইনপুট ডিভাইস। মাউসের উপর আলতোভাবে হাত রেখে, মাউসকে হালকা ভাবে নেড়ে মাউস পয়েন্টারকে পর্দার যেখানে প্রয়োজন সেখানে নেয়া যাবে। মাউস পয়েন্টার যে কোন আইকোনের উপর রেখে মাউসের বাটনে চাপ দিয়ে নির্বাচন করা হয়। মাউসের বাটন একবার চাপ দিয়ে ছেড়ে দেয়াকে ক্লিক বলা হয়।



লেফট বাটন (Left Button) : একটি মাউসে দুটি বাটন থাকে। বাম পাশের বাটনকে লেফট বাটন বলে। মাউস পয়েন্টার যে কোন আইকোনের উপর রেখে মাউসের লেফট বাটনে চাপ দিয়ে নির্বাচন করা হয়।



সিংগেল ক্লিক (Single Click) : মাউসের বাটন একবার চাপ দিয়ে ছেড়ে দেওয়াকে সিংগেল ক্লিক বলে। কোন বিষয়কে সিলেক্ট করার জন্য মাউস পয়েন্টারকে সে বিষয়টির আইকনের উপর নিয়ে লেফট বাটন ক্লিক করে সিলেক্ট করা হয়।




ডাবল ক্লিক (Double Click) : খুব দ্রুত পরপর দুইবার মাউস বাটন চাপ দেওয়াকে ডাবল ক্লিক বলা হয়। কোন প্রোগ্রাম, ফাইল বা ফোল্ডারে ঢুকানোর জন্য তার আইকনের উপর মাউস পয়েন্টার নিয়ে লেফট বাটনে ডাবল ক্লিক করতে হয়।



রাইট বাটন (Right Button) : মাউসের ডান পাশের বাটনকে রাইট বাটন বলে। রাইট বাটনে একবার ক্লিক করাকে রাইট ক্লিক বলা হয়। কোন প্রোগ্রামের উপর মাউস পয়েন্টার নিয়ে এই বাটনে ক্লিক করলে একটি নির্দেশ তালিকা ওপেন হয়। নির্দেশ তালিকা থেকে লেফট বাটনে ক্লিক করে প্রয়োজনীয় নির্দেশ নির্বাচন করা হয়।



(অধ্যায়-নয়)

 মনিটর-এর ব্যবহার :

মনিটর একটি আউটপুট ডিভাইস। টেলিভিশনের মতো দেখতে কম্পিউটারের অংশটিকে মনিটর বলা হয়। কম্পিউটারের সিস্টেম ইউনিটের ভিতরের ভিডিও কার্ড দ্বারা -লেখা, চিত্র, গ্রাফিক্স ইত্যাদি মনিটরের স্ক্রিনে প্রদর্শিত হয়।

➔ মনিটর দুই ধরনের হয়ে থাকে। যেমন :

১. এলসিডি মনিটর (LCD Monitor)



২. সিআরটি মনিটর (CRT Monitor)




ক্যাবল কানেক্টর (Cable Connector) : ক্যাবল কানেক্টর হলো একটি তার, যা দিয়ে মনিটরকে ভিডিও কার্ডের সাথে সংযোগ দেওয়া হয়।



স্ক্রিন (Screen) : মনিটরের যে অংশে লেখা, ছবি ইত্যাদি দেখা যায় তাকে স্ক্রিন বলা হয়।



ভিডিও কার্ড (Video Card) : ভিডিও কার্ড হলো একটি সার্কিট বোর্ড যা কম্পিউটারের মাদারবোর্ডের এক্সপানশন স্লটে লাগানো থাকে। কম্পিউটারের নির্দেশকে লেখা বা ছবি আকারে মনিটরে প্রদর্শন করাই ভিডিও কার্ডের কাজ। ভিডিও কার্ডকে ভিডিও এডাপ্টার অথবা গ্রাফিক্স কার্ডও বলা হয়।




ফ্ল্যাট প্যানেল : বর্তমানে এ ধরনের মনিটর বেশি ব্যবহার হয়ে থাকে। এই মনিটরের পর্দা সমতল। এতে এলসিডি প্রযুক্তি ব্যবহার করা হয়।



ডট পিচ : স্ক্রিনের ক্ষুদ্র অংশকে পিক্সেল বলা হয়। পিক্সেলের মধ্যকার দূরত্বকে ডট পিচ বলা হয়। স্ক্রিনে পিক্সেল যত বেশি হয় ছবি ততো ভালো হয়।

(অধ্যায়-দশ)

 প্রিন্টার-এর ব্যবহার :

➔ প্রিন্টার তিন প্রকার । যথা :

১. লেজার প্রিন্টার । ২. জেট প্রিন্টার । ৩. ডট প্রিন্টার ।

১.লেজার প্রিন্টার : লেজার রশ্মির সাহায্যে প্রিন্ট হয় বলে এ ধরনের প্রিন্টারকে লেজার প্রিন্টার বলা হয় ।

লেজার প্রিন্টারের মুদ্রণের মান অত্যন্ত মসৃণ এবং গতিও বেশ দ্রুত ।




২.জেট প্রিন্টার / ইনজেট প্রিন্টার : এই প্রিন্টারে তরল কালি ব্যবহৃত হয় । তাপের দ্বারা এই কালি ক্ষুদ্রাকৃতির নজেল দিয়ে কাগজের উপর নিক্ষিপ্ত হয়ে প্রিন্ট হয় । এ প্রিন্টারে রঙিন প্রিন্ট করা যায় ।



৩.ডট প্রিন্টার : এই জাতীয় প্রিন্টারে এক ধরনের পিনযুক্ত হেড থাকে । কম্পিউটারের নির্দেশ অনুসারে এই পিনগুলো কালির রিবনকে আঘাত করে প্রয়োজনীয় ডট বা বিন্দু তৈরী করে মুদ্রণের কাজ সম্পন্ন করে ।



(অধ্যায়-এগারো)

 কম্পিউটারের বিভিন্ন যন্ত্রাংশ :

পাওয়ার সাপ্লায় : কম্পিউটার চালাতে বিদ্যুৎ প্রয়োজন। পাওয়ার সাপ্লায়ার কম্পিউটারের সকল যন্ত্রাংশে বিদ্যুৎ সরবরহ করে।




মাদার বোর্ড : মাদার বোর্ড হলো কম্পিউটারের হৃদপিণ্ড স্বরূপ। কম্পিউটারের প্রতিটি যন্ত্র প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মাদারবোর্ডের সাথে সংযুক্ত থাকে। এজন্য মাদারবোর্ডে অনেকগুলো পোর্ট, কানেক্টর, শকেট ইত্যাদি লাগানো থাকে। মাদারবোর্ড বিভিন্ন যন্ত্রাংশের মধ্যে যোগাযোগ রক্ষা করে তথ্যাবলি প্রক্রিয়াকরণে সহায়তা করে।



প্রসেসর : প্রসেসরকে কম্পিউটারের মস্তিষ্ক বলা হয়। প্রসেসরের কাজ হলো - তথ্য প্রসেস করা, হিসাব নিকাশ করা এবং ইনপুট / আউটপুট যন্ত্রপাতির মধ্যে সমন্বয় সাধন করা ইত্যাদি।



ভিডিও কার্ড : কম্পিউটারে লেখা ও ছবিকে মনিটরে প্রদর্শন করার জন্য এ কার্ড ব্যবহৃত হয়। ভিডিও কার্ডের পোর্টে মনিটরের ক্যাবল লাগানো থাকে।



সিডি ড্রাইভ : সিডি ড্রাইভের বাটনে ক্লিক করলে একটি ট্রে বের হয়ে আসে। ট্রে-তে সিডি রেখে ড্রাইভে প্রবেশ করিয়ে সিডি চালনা করা হয়। সিডি পরিচালনার জন্য ব্যবহৃত এ ড্রাইভকে সিডি ড্রাইভ বলে।




ফ্লপিডিস্ক ড্রাইভ : ফ্লপিডিস্ক ড্রাইভে ফ্লপিডিস্ক ঢুকিয়ে হার্ডডিস্ক থেকে ফ্লপিডিস্কে অথবা ফ্লপিডিস্ক থেকে হার্ডডিস্কে তথ্য স্থানান্তর করা যায়।



MEDIA READER USB 2.0 SDHC INTERNAL

(অধ্যায়-বারো)

 উইন্ডোজ (Windows) :

সহজে কম্পিউটার অপারেটিং বা পরিচালনার ক্ষেত্রে-একটি বহুল ব্যবহৃত সিস্টেম হচ্ছে উইন্ডোজ। কম্পিউটারের বিভিন্ন যন্ত্রের মধ্যে সমন্বয় সাধন করে কাজের পরিবেশ তৈরী করাই হলো অপারেটিং সিস্টেমের কাজ। কম্পিউটার চালু করলে উইন্ডোজ অপারেটিং সিস্টেম চালু হয়ে কিছুক্ষণ পর নিচের মতো উইন্ডো প্রদর্শিত হয়।


একে ডেস্কটপ বলা হয়। ডেস্কটপ আসলে বুঝতে হবে কাজের পরিবেশ তৈরী হয়েছে। এখন ইচ্ছামতো যে কোন কাজ করা যাবে। উইন্ডোজ ছাড়াও আরো কিছু অপারেটিং সিস্টেমের নাম হলো : MAC,



➔ উইন্ডোজ ডেস্কটপে তিনটি অংশ থাকে। যথা :

ক) আইকন (Icon)। খ) টাস্কবার (Taskbar)। গ) ওয়াল পেপার (Wallpaper)।

আইকন (Icon) : ডেস্কটপের উপর যে ছোট ছোট চিত্র দেখা যায় সেগুলোকে আইকন বলা হয়। কোন আইকনের উপর মাউস পয়েন্টার নিয়ে ডাবল ক্লিক করলে ঐ আইকনের ভিতরে থাকা প্রোগ্রামটি ওপেন হয়। যেমন : Recycle Bin আইকনে ডাবল ক্লিক করলে Recycle Bin প্রোগ্রামটি ওপেন হবে।



টাস্কবার (Taaskbar) : ডেস্কটপের সর্বনিম্নে প্রদর্শিত বারকে টাস্কবার বলা হয়। টাস্কবারের সর্ববামে Start লেখা বাটনে ক্লিক করলে অনেকগুলো অপশন সম্বলিত ডায়ালগ বক্সের আকারে একটি মেনু আসে। সে প্রদর্শিত মেনু থেকে নির্বাচন করে বিভিন্ন প্রোগ্রাম শুরু করা হয়।




ওয়ালপেপার (Wallpaper) : আইকনসমূহের নিচের ব্যাকগ্রাউন্ডকে ওয়ালপেপার বলা হয়। নিজের ইচ্ছামতো ওয়ালপেপার পরিবর্তন করা যায়।



(অধ্যায়-তেরো)

▣ মাল্টিমিডিয়া :

অর্থ- বহু, আর অর্থ- মাধ্যম । সুতারাং অর্থ দাড়ায়- বহু মাধ্যম । কম্পিউটারের সাথে অতিরিক্ত কিছু হার্ডওয়্যার ও সফটওয়্যার যুক্ত করার মাধ্যমে কম্পিউটারের সাধারণ কার্যক্রমের পাশাপাশি ছবি দেখা, গান শোনা ইত্যাদি নানান কাজ করা সম্ভব হয় বলে একে মাল্টিমিডিয়া বলা হয় । আধুনিক কম্পিউটারে একসাথে শব্দ শোনা, বর্ণ বা সংখ্যা লেখা ও ভিডিও দেখার কাজ নমস্বিত ব্যবস্থা রয়েছে বলে একে মাল্টিমিডিয়া বলা হয় ।

মাল্টিমিডিয়া পিসি :

একটি মাল্টিমিডিয়া পিসিতে কম্পিউটারের মূল অংশের সাথে যুক্ত থাকে- একটি সিডি রম ড্রাইভ (সিডি চালানোর জন্য), সাউন্ডকার্ড (শব্দ নিয়ন্ত্রণের জন্য), স্পিকার (শব্দ শোনার জন্য), মাইক্রোফোন (শব্দ গ্রহণের জন্য) ইত্যাদি এবং মাল্টিমিডিয়াকে সচল করার জন্য প্রয়োজনীয় সফটওয়্যার সংযোজন করতে হয় ।



(অধ্যায়-চৌদ্দ)

কম্পিউটার নেটওয়ার্ক (Computer Network) :


